



THE FEDERATION OF BANGLADESH  
CHAMBERS OF COMMERCE & INDUSTRY

11326

২৮ ডিসেম্বর, ২০২৩

এফবিসিসিআই/টিএফ/২০২৩/৮৩৫

সভাপতি/চেয়ারম্যান

সকল সদস্য সংস্থা

এফবিসিসিআই।

বিষয় : **H.S. Code, Bangladesh Customs Tariff (BCT), CPC** ইত্যাদি বিষয়ে দ্রুততার সাথে  
পণ্য চালান শুদ্ধায়নের পাশাপাশি কাস্টমস সংশ্লিষ্ট কার্যক্রম অধিকতর ব্যবসা ও বিনিয়োগ বান্ধব করার লক্ষ্যে  
জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

সূত্র : জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.৫৩.০২.০২৩.২৩/৪৩৩, তাং-২১ ডিসেম্বর, ২০২৩

মহোদয়,

আসসালামু আলাইকুম।


আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, এফবিসিসিআই-এর সম্মানিত সভাপতি জনাব মাহবুবুল আলম-এর সাথে  
জাতীয় রাজস্ব বোর্ডের একাধিক আলোচনা ও ঐকান্তিক প্রচেষ্টার ফলশ্রুতিতে জাতীয় রাজস্ব বোর্ড গত ২১ ডিসেম্বর,  
২০২৩ তারিখ আমদানি পণ্য খালাসের ক্ষেত্রে নানামুখী জটিলতা নিরসনে একটি নির্দেশনা প্রদান করেছে- যা অনুসরণ  
ও যথাযথভাবে প্রতিপালিত হলে আমদানি পণ্য খালাসের ক্ষেত্রে বিদ্যমান বহুবিধ জটিলতা অনেকখানি নিরসন হবে বলে  
এফবিসিসিআই বিশ্বাস করে।

জাতীয় রাজস্ব বোর্ডের উক্ত নির্দেশনা আপনার সদয় অবগতির জন্য এসাথে সংযুক্ত করা হলো।

এফবিসিসিআই আপনাদের সকলকে এমর্মে আশ্বস্ত করতে চায় যে, আমদানি পণ্য খালাস আরও সহজীকরণ ও সার্বিক  
ব্যবসা-বাণিজ্য কার্যক্রমে বিদ্যমান অন্যান্য জটিলতা নিরসনে এফবিসিসিআইয়ের প্রচেষ্টা অব্যাহত থাকবে।

আপনাদের সার্বিক সহযোগিতা একান্ত কাম্য।

ধন্যবাদান্তে,



মোঃ আলমগীর

মহাসচিব